গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

www.cumc.edu.bd, Email:comc@ac.dghs.gov.bd, Phone: +88 081 65562, 66550, Fax: +88 081 77078

সিটিজেন চার্টার

১. রূপকল্প (Vision):

সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য মানসম্মত পাঠদানের মাধ্যমে দক্ষ চিকিৎসক তৈরি করণ।

২. অভিলক্ষ্য (Mission):

১. মানসম্মত স্বাস্থ্য শিক্ষার সুযোগ সম্প্রসারণ।
২. মেডিকেল কলেজের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ।
৩. ই-লাইব্রেরি প্রতিষ্ঠার মাধ্যমে চিকিৎসা শিক্ষার সুযোগ বৃদ্ধিকরণ।
৪. নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক, বিজ্ঞানমনস্ক, দক্ষ চিকিৎসক ও শিক্ষক তৈরিকরণ।
৫. গবেষণার মাধ্যমে চিকিৎসা সেবার মান উন্নয়ন।

৩. সেবা প্রদান প্রতিশ্রুতি

৩. ক) শিক্ষা কার্যক্রম :

* মানসম্মত চিকিৎসক তৈরির জন্য শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণ প্রকল্প (Quality Assurance Seheme) ও স্বাস্থ্য শিক্ষা বিভাগ (Medical Education Unit) কার্যকর আছে।
* ছাত্র-ছাত্রীদের নিবিড় পর্যবেক্ষণের জন্য প্রতি ১০ জন ছাত্র-ছাত্রীর জন্য ১জন শিক্ষকের তত্ত্বাবধানে রেখে মেন্টরশিপ ব্যবস্থা চালু আছে।
* অভিভূত ছাত্র-ছাত্রীদের আবাসন নিশ্চিতকরণ।
* কেন্দ্রীয় গ্রন্থাগারে নতুন নতুন সংস্করণের চিকিৎসা বিদ্যার বই সংযোজন ও পঠনের ব্যবস্থা করণ।
* ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য নিশ্চিত করার জন্য বিশেষ স্বাস্থ্য কমিটির মাধ্যমে সেবা প্রদান।
* একাডেমিক কার্যক্রম বহির্ভূত কর্মকান্ডের (খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক ইত্যাদি) মাধ্যমে ছাত্র-ছাত্রীদের চিত্তবিনোদনের ব্যবস্থা করা।
* ছাত্র-ছাত্রীদের সিনিয়র কর্তৃক যেকোন নিপীড়নমূলক আচরণ প্রতিরোধে কলেজে একটি এন্টি রেগিং কমিটি কার্যকর আছে।
* জাতীয় ও আন্তর্জাতিক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন।
* পোষ্ট গ্রেজুয়েশন ডিপ্লোমা কোর্সের মান নিয়ন্ত্রণের জন্য ৬টি বিভাগের সমন্বয়ে পোষ্ট গ্রেজুয়েশন ফ্যাকল্টি চালু আছে।

বিভাগগুলো হলঃ- এনেস্থেসিয়া বিভাগ, শিশু বিভাগ, গাইনি এন্ড অবস বিভাগ, নাক, কান ও গলা বিভাগ, অর্থোপেডিকস ভিগ ও রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ।

৩. খ) নাগরিক সেবাসমূহঃ-

* মেডিকেল কলেজের ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে জনগণকে অল্প খরচে একই ছাদের নিচে বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি ও প্যাথলজির টেস্ট করা হয়।
* করোনা মহামারী নিয়ন্ত্রণের জন্য মাইক্রোবায়োলজি বিভাগে RT-PCR LAB এর মাধ্যমে দেশি এবং প্রবাসীদের করোনা টেস্ট করা হয়।
* সশস্ত্র বাহিনীর কর্মকর্তা কর্মচারীবৃন্দের রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
* সম্মানিত বীর মুক্তিযুদ্ধাগণের বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
* মাননীয় আদালতের আদেশক্রমে জেল হাজতের কয়েদীদের বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
* বিভিন্ন সরকারি মেডিকেল কলেজ/ হাসপাতালের (কর্মকর্তা কর্মরত/ অবসরপ্রাপ্ত) রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
* সমাজের অসহায় রোগীদের বিনামূল্যে রোগ

৩. গ) নৈতিকতা কমিটি গঠনঃ-

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নির্দেশনায় নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে কর্মকর্তা/ কর্মচারীগণের সমন্বয়ে অত্র কলেজে একটি নৈতিকতা কমিটি গঠন করা আছে।

৩. ঘ) ফরেন্সিক মেডিসিন বিভাগের সেবাঃ-

* ময়নাতদন্তের পূর্বশর্তসহ পুলিশ কর্তৃক প্রেরিত মৃতদেহের ময়নাতদন্ত সম্পন্ন করে মাননীয় আদালত এবং সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষকে প্রতিবেদন প্রদান করা।
* ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) আগত মহিলা ভিকটিমের ধর্ষণ, বয়স নির্ধারণ এবং গর্ভপাত জনিত পরীক্ষা সমূহ মহিলা ডাক্তার দ্বারা এবং পুরুষ ভিকটিমের বলাৎকার, বয়স নির্ধারণ জনিত পরীক্ষা পুরুষ ডাক্তার দ্বারা সম্পন্ন করা হয় এবং মাননীয় আদালত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিবেদন প্রদান করা হয়।

৪. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিঃ-

ক. সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। আপনার অভিযোগ সুনির্দিষ্টভাবে লিখিত আকারে জমা দিন।

খ. কোন অভিযোগ সম্পূর্ণ অসত্য এবং কাউকে হয়রানি করা কিংবা অসৎ উদ্দেশ্য করা হয়েছে এই মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অভিযোগকারীকে অভিযোগ ব্যবস্থাপনা সেল কালো তালিকাভুক্ত করবে। এরূপ কালো তালিকাভুক্ত ব্যক্তির নিকট থেকে পরবর্তী সময়ে প্রাপ্ত যেকোন অভিযোগ কর্তৃপক্ষ কর্তৃক বিনা তদন্তে খারিজ করা হবে।

৫. সেবা গ্রহিতাদের কাছে আমাদের প্রত্যাশাঃ-

* সেবার অভিযোগ থাকলে অত্র প্রতিষ্ঠানের ডেসপাস শাখা হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় অংশ নির্ভুলভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আবেদনের সহিত যুক্ত করে পুনরায় ডেসপাস শাখায় জমা প্রদান করা।
* আপনার সেবাপ্রাপ্তি বিধি মোতাবেক কিনা/সিটিজেন চার্টার অন্তর্ভুক্ত কিনা যাচাই পূর্বক অভিযোগ করা।
* চিকিৎসা সেবার মনোন্নয়নের জন্য যেকোনো মতামত/সুপারিশ গ্রহণ করা হবে।